

প্রিয় পরিবারবর্গ,

আমরা আশা করছি যে আপনি এবং আপনার প্রিয়জন নিরাপদ ও সুস্থ আছেন।

এই বছর ছেলেমেয়ে ও শিক্ষকগণকে পুনর্মিলন ও একসাথে শিক্ষা গ্রহণ করার আনন্দ দেখতে পেয়ে ডিপার্টমেন্ট অভ এডুকেশনের আমরা সকলে গর্বিত। সব সময় আমরা স্বাস্থ্য ও সুরক্ষাকে আমাদের সকল কাজের আগে স্থান দিয়েছি।

পাবলিক স্কুল ভবনগুলোর এই সাময়িক বন্ধ থাকাকালে কমিউনিটি-বেজড অর্গ্যানাইজেশন ও ফ্যামিলি চাইল্ড কেয়ার হোমসমূহে অবস্থিত DOE আর্লি চাইল্ডহুড প্রোগ্রামগুলো সরাসরি উপস্থিতির ব্যবস্থাসহ খোলা থাকবে। **আপনি এই চিঠি পাচ্ছেন কেননা আপনার সন্তান একটি একটি আর্লি চাইল্ডহুড প্রোগ্রাম যা স্কুলসমূহ সাময়িক বন্ধ থাকাকালে সরাসরি উপস্থিতির ব্যবস্থাসহ খোলা থাকবে।**

আমরা জানি যে শিশু-তত্ত্বাবধান ও শিশু-শিক্ষা জরুরি, এবং আমরা চাই এটা নিশ্চিত করতে যে, আপনার পরিবারের নিরাপত্তার ব্যাপারে আমরা যেন সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করি। আমরা আপনার সন্তানের প্রোগ্রামকে সহায়তা দিচ্ছি যাতে তার সব সময় একটি নিরাপদ শিক্ষণ পরিবেশ বজায় রাখতে আপরে। শিশুদের স্বাস্থ্য ও সুরক্ষা বজায় রাখার জন্য বিদ্যমান ব্যবস্থা সম্পর্কে জানতে হলে আপনি [Health and Safety Guidance for Early Childhood Families](#) দেখতে পারেন bit.ly/ECEathome ওয়েবসাইটে।

আপনার অবগতির জন্য এখানে কিছু স্মরণীয় গুরুত্বপূর্ণ তথ্য দেয়া হলো:

- আপনার সন্তান এবং তার প্রোগ্রামের স্টাফদের জন্য 22টি সিটি পরিচালিত স্থানে **COVID-19 পরীক্ষার অগ্রাধিকার লাভের সুযোগ** আছে, এবং পরীক্ষার সুযোগ দেওয়া হবে ফ্রি, এবং ফলাফল মিলবে দ্রুত। আরও তথ্যের জন্য আপনি [Health and Safety page](#) ওয়েবপেজ দেখতে পারেন: DOE-ওয়েবসাইটে (যা পাওয়া যাবে schools.nyc.gov/returntoschool2020)।
- আপনার সন্তান যদি একটি **লার্নিং ব্রিজ প্রোগ্রামে** থাকে, তাহলে সেটাও সাময়িক স্কুল বন্ধের সময় খোলা থাকবে। লার্নিং ব্রিজস্ সম্পর্কে আরও জানুন এবং আবেদন করুন schools.nyc.gov/learningbridges ওয়েবসাইটে গিয়ে বা 311 নম্বরে ফোন করে।
- **"মূল চারটি পার্যবিষয়"** অব্যাহতভাবে অনুশীলন করুন: আপনার হাত ধোবেন, একটি নাক-মুখের মুখোশ পরিধান করবেন, অন্যদের থেকে ছয় ফিট দূরত্ব বজায় রাখুন, এবং অসুস্থ বোধ করলে বাড়িতে থাকবেন।

এই সর্বজনীন স্বাস্থ্য সঙ্কটের অব্যাহত বিবর্তনের পথে, আমরা অব্যাহতভাবে আপনাকে ও DOE-এর পরিবারদের সকলকে সহায়তা করতে সর্বসম্প্রতিক তথ্য দিয়ে যাব। ইতোমধ্যে, কোনো প্রশ্ন অথবা উদ্বেগ থাকলে আপনার সন্তানের কর্মসূচির সাথে যোগাযোগ করতে অনুগ্রহ করে দ্বিধা করবেন না। আপনার অংশীদারত্বের এবং আমাদের সিটির জন্য আপনার সকল কাজের জন্য আমরা কৃতজ্ঞ।

বিনীত,

ডিভিশন অভ আর্লি চাইল্ডহুড এডুকেশন

